দৈনিক ইনকিলাব

২৬/৩/২০০৫
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৬......

# প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক গ্রন্থাগার স্থাপন করুন

## -গ্রন্থাগার সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ গ্রন্থাগার সমিতি গ্রন্থাগার উন্নয়ন ও তথ্য ব্যবস্থ মন্ত্রণালয় প্রতিষ্ঠা, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান পেশাকে ক্যাডারভুক্তকরণ জাতীয় গ্রন্থনীতি ও জাতীয় গ্রন্থাগার নীতি বাস্তবায়ন এবং গ্রন্থাগার আইনসহ ১৫ দফা দাবী পূরণের জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছে। গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই দাবী জানানো হয়। লিখিত বক্তব্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক গ্রন্থাগার স্থাপনসহ প্রাইমারী এবং হাইস্কুলেও উপযুক্ত মানের গ্রন্থাগার স্থাপনের দাবী জানানো হয়।

সমিতির সাধারণ সম্পাদক খন্দকার ফজলুর রহমান লিখিত বক্তব্য পাঠ করেন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি এম শামসুল ইসলাম খান, এ কে এম আবদুন নূর, আবু বকর সিদ্দিক, জাকি উদ্দিন আহমদ, সুলতান উদ্দিন আহমদ, কাজী আবদুল মাজেদ, আবদুল মতিন, মোশাররফ হোসেন প্রমুখ।